

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**প্রেস বিজ্ঞপ্তি:**

**প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় মৎস্য অধিদপ্তরের জন্য ৮২টি নতুন পদ সৃজন**

ঢাকা, রবিবার,

৯ অগ্রহায়ণ (২৪ নভেম্বর) :

মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদ ঐর সভাপতিত্বে আজ বিকালে বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দ্বিতীয় সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ মৎস্য অধিদপ্তরে ৮২টি অফিস সহায়কের পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

নবসৃষ্ট এসব পদসমূহের মধ্যে ময়মনসিংহ বিভাগের জন্য ১টি, প্রতি জেলার জন্য ১টি করে ৬৪টি পদ, ৪টি ডিপ্লোমা ইনস্টিটিউটের জন্য ৪টি, ১১টি উপজেলার জন্য ১১টি এবং ২টি মৎস্য বীজ উৎপাদন খামারের জন্য ২টি পদ রয়েছে।

নবসৃষ্ট এসব পদ পূরণ হলে মৎস্যচাষী পর্যায়ে সেবা সম্প্রসারণ আরো ত্বরান্বিত হবে।

স্বাক্ষরিত /-

(মো: মামুন হাসান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।